



মন্তব্য ধারা সৈনিক

আমাদের ময়

আমাদের সময়, ১৭-১১-২০২২, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিরে ‘প্রজেক্ট শো’ অনুষ্ঠিত

সিজুর প্রতিবেদক

১৭ নভেম্বর ২০২২ ০৬:২০ পিএম | আপডেট: ১৭ নভেম্বর ২০২২ ০৬:২০ পিএম



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিরে ‘প্রজেক্ট শো’ অনুষ্ঠিত। ছবি: সংগ্রহীত

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শেষ সেমিস্টারের শিক্ষার্থীদের উদ্যোগে ‘ক্যাম্পাস প্রজেক্ট শো’ অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাসে শিক্ষার্থীরা মানুষের বাস্তবিক জীবনের নানান সমস্যার সমাধানের জন্য বাস্তবায়ন ঘোষণা নতুন প্রজেক্ট এবং তা বাস্তবায়নের কৌশল উপস্থাপন করেন। দেশের শিল্প খাতের তিনজন বিশেষজ্ঞ এবং দুজন অভিজ্ঞ শিক্ষকদের বিচার থেকে সেরা উদ্ভাবনী দলকে ক্রেস্ট ও সনদ তুলে দেয়া হয়। সেরা উদ্ভাবনী দল সড়কের স্পিড ক্রেকার থেকে যানবাহনের যে জ্বালানি খরাচ হয় তা থেকে কৃপাত্তরের মাধ্যমে বৈদ্যুতিক শক্তি পাবার উপায় বের করে দেখান।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।

তিনি আশা প্রকাশ করে বলেন, শিক্ষার্থীদের এসব নতুন উদ্ভাবন আগামী দিনে দেশের নানান সংকট মোকাবিলায় বাস্তবিকভাবে কাজে আসবে। সেই সঙ্গে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির শিক্ষার্থীরা যেন বেশি বেশি এমন প্রজেক্টের আয়োজন করতে পারে সেজন্য প্রয়োজনীয় আর্থিক বরাদ্দের নিষ্পত্তা দেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম.এম. শহিদুল হাসান, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন ড. রাইয়ান খান, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ জিয়াউলহক মামুনসহ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা।